# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১০৩৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১. তৃতীয় অনুচ্ছেদ - তিলাওয়াতের সিজদা্

### আরবী

عَنِ ابْنِ مَسْعُودٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَرَأَ (وَالنَّجْمِ) فَسَجَدَ فِيهَا وَسَجَدَ مَنْ كَانَ مَعَهُ غَيْرَ أَنَّ شَيْخًا مِنْ قُرَيْشٍ أَخَذَ كَفًّا مِنْ حَصًى أَوْ تُرَابٍ فَرَفَعَهُ إِلَى جَبْهَتِهِ وَقَالَ: يَكْفِينِي هَذَا. قَالَ عَبْدُ اللَّهِ: فَلَقَدْ رَأَيْتُهُ بَعْدُ قُتِلَ كَافِرًا. وَزَادَ الْبُخَارِيُّ فِي رِوَايَةٍ: وَهُوَ أُمَيَّةُ بْنُ خلف

### বাংলা

১০৩৭-[১৫] ’আবদুল্লাহ ইবনু মাস্’ঊদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ’সূরাহ্ আন্ নাজম’ তিলাওয়াত করলেন এবং তাতে সিজদা্ (সিজদা/সেজদা) করলেন। তাঁর কাছে যেসব মানুষ ছিলেন তারাও সিজদা্ (সিজদা/সেজদা) করলো। কিন্তু কুরায়শ বংশের এক বৃদ্ধ পাথর অথবা এক মুষ্টি মাটি নিয়ে নিজের কপালের দিকে উঠাল এবং বলল, আমার জন্যে এটাই যথেষ্ট হবে। ’আবদুল্লাহ ইবনু মাস্’ঊদ (রাঃ) বলেন, আমি এ ঘটনার পর দেখেছি ঐ বৃদ্ধ মানুষটিকে কুফরী অবস্থায় হত্যা করা হয়েছে। (বুখারী, মুসলিম; বুখারীর এক বর্ণনায় আছে, সে বুড়া লোকটি ছিল উমাইয়্যাহ্ বিন খাল্ফ।)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ১০৬৭, ৪৮৬৩, মুসলিম ৫৭৬।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘‘তাঁর সাথে যারা ছিল তারা সবাই সিজদা্ করল।’’ অর্থাৎ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ক্বিরাআত (কিরআত) যারা শুনেছে তারা সবাই সিজদা্ (সিজদা/সেজদা) করে। জিন্, ইনসান, মু’মিন ও মুশরিক সকলেই সাজদাতে অংশগ্রহণ করে।

(غَيْرَ أَنَّ شَيْخًا مِنْ قُرَيْشٍ) ‘এক কুরায়শ শায়খ ব্যতীত’ তিনি হলেন উমাইয়্যাহ্ ইবনু খালফ।

হাদীসের শিক্ষাঃ

১. সিজদার আয়াত পাঠকারীর নিকট উপস্থিত ব্যক্তির তিলাওয়াতের সিজদা্ (সিজদা/সেজদা) করা বিধিসিদ্ধ।

২. বিনা উযূতে তিলাওয়াতের সিজদা্ করা বৈধ। কেননা উপস্থিত লোকজন সিজদা্ করার জন্য পূর্ব থেকেই প্রস্তত ছিল না। ফলে তারা বিনা উযূতেই সিজদা্ করলেও নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মেনে নেন। এতে বুঝা যায় যে, তিলাওয়াতের সিজদা্ করার জন্য উযূ আবশ্যক নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55597

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন